দর্শনা থানার নবাগত ওসির যোগদান ও বিদায়ী ওসিকে সংবর্ধনা

দর্শনা থানায় নবাগত অফিসার ইনচার্জ (ওসি)র যোগদান ও বিদায়ী ওসিকে সংবর্ধনা দেওয়া হয়েছে। সোমবার বিকাল ৫ টার দিকে দর্শনা থানা চত্বরে বিদায় ও বরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

দর্শনা থানা কর্তৃক আয়োজিত বিদায় ও নবাগতকে বরণ অনুষ্ঠানে থানার সেকেন্ড অফিসার এস,আই খান আব্দুর রহমানের সঞ্চলনায় অনুষ্ঠানে উপস্থিত থেকে বক্তব্য রাখেন, দর্শনা থানার নবাগত অফিসার ইনচার্জ (ওসি) বিপ্লব কুমার সাহা, থানার বিদায়ী অফিসার ইনচার্জ (ওসি) ফেরদৌস ওয়াহিদ,দর্শনা থানার পরিদর্শক (তদন্ত) এস,এম আমান উল্লাহ আমান, পরিদর্শক (অপারেশন) নীরব হোসেন, দর্শনা প্রেসক্লাবের সভাপতি জাহিদুল ইসলাম, সাংবাদিক সমিতির সাধারন সম্পাদক আহসান হাবীব মামুন, সহ-সম্পাদক নজরুল ইসলাম, সাবেক সভাপতি মনিরুজ্জামান ধীরু, সাবেক সাধারন সম্পাদক চঞ্চল মেহমুদ, দর্শনা গণ-উন্নয়ন গ্রন্থাগারের (সিডিএল) পরিচালক আবু সুফিয়ান, আওয়ামী লীগ নেতা সোলাইমান কবীর।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন থানার এ,এস,আই শফিক রহমান, সদস্য বিপ্লব হোসেন। আলোচনা শেষে দর্শনা থানার কর্মরত অফিসার ও সদস্য সহ অতিথিরা

ফুলেল শুভেচ্ছা জানিয়ে বরণ করেন সদ্য যোগদানকৃত দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) বিপ্লব কুমার সাহাকে ও একই সাথে সংবর্ধনা দিয়ে বিদায় জানান দর্শনা থানায় কর্মরত বিদায়ী অফিসার ইনচার্জ (ওসি) ফেরদৌস ওয়াহিদকে।

অনুষ্ঠানের শুরুতে কোরআন থেকে তেলোয়াত ও অনুষ্ঠান শেষে দোয়া পরিচালনা করেন দামুড়হুদা মডেল জামে মসজিদের পেশ ঈমাম মাওলানা মুফতি মামুনুর রশিদ।